দৈনিক ইনকিলাব

তারিখ 11 JUN 1989
পৃষ্ঠা 1 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# পথকলিদের জন্যে ট্রাস্ট প্রতিষ্ঠা করা হবে
## —প্রেসিডেন্ট

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ গতকাল ফতুল্লায় পথকলি চিকিৎসা কেন্দ্র এবং যাত্রাবাড়ীতে পথকলি বিদ্যালয়—৩-এর স্থান পরিদর্শন করেন। তিনি ঘোষণা করেন যে, কর্মরত শিশুদের

শেষ পৃঃ ৩-এর কঃ দেখুন

প্রথম পৃষ্ঠার পর

দেখাশোনার জন্য শিগ্‌গিরই পথকলি ট্রাস্ট প্রতিষ্ঠা করা হবে। খবর বাসস'র।

প্রেসিডেন্ট ঢাকা পৌর কর্পোরেশনের (ডিএমসি) প্রশাসক এম, এ, মালেকের সাথে ফতুল্লা যান। তিনি এলাকার পথকলিদের চিকিৎসা কেন্দ্র প্রতিষ্ঠার জন্য জনাব হাফেজ মুখতারের প্রদত্ত ভবনটি পরিদর্শন করেন।

প্রেসিডেন্ট এরশাদ ইট ও পাথর ভাঙার মতো কঠোর পরিশ্রমের মাধ্যমে জীবিকা অর্জনকারী দুস্থ ছেলেমেয়েদের সাহায্যে এগিয়ে আসার জন্য স্থানীয় বিত্তশালীর প্রতি যে আহবান জানান, জনাব হাফেজ মুখতার অতে সাড়া দিয়ে এই ভবনটি দান করেন।

বিপুল সংখ্যক পথকলি অধ্যুষিত এই এলাকা পরিদর্শনকালে প্রেসিডেন্ট কর্মরত শিশুদের সাথে আলাপ করেন ও তাদের কুশল জিজ্ঞাসা করেন। অধিকাংশ শিশুই হাতে ফোস্কা পড়াসহ রোদে পোড়া এবং চর্মজনিত রোগে ভুগছে দেখে তিনি দুঃখিত হন।

এই সকল শিশুর অবস্থা এবং তাদের জন্য কোন চিকিৎসা সুবিধা না দেখে প্রেসিডেন্ট যথা শিগ্‌গির সম্ভব ডিএমসি ও ঢাকার জেলা প্রশাসককে এই চিকিৎসা কেন্দ্র স্থাপনের নির্দেশ দেন। তিনি একটি সুবিধাজনক স্থানে শিগ্‌গিরই আরেকটি চিকিৎসা কেন্দ্র প্রতিষ্ঠার জন্যও তাদের নির্দেশ দেন।

তিনি ঘোষণা করেন যে, এইসব দুঃস্থ শিশুর দেখাশোনার জন্য শিগ্‌গিরই একটি পথকলি ট্রাস্ট প্রতিষ্ঠিত হবে। তিনি এইসব দুর্ভাগা শিশুদের দুর্দশা লাঘবে সাহায্যের হাত প্রসারিত করার জন্য মানবহিতৈষীদের প্রতি আহবান জানান।

ফেরার পথে প্রেসিডেন্ট যাত্রাবাড়ী থামেন এবং পথকলি বিদ্যালয়—৩-এর স্থান দেখেন। ডিএমসি এই বিদ্যালয় নির্মাণ করছে।

প্রেসিডেন্ট এই বিদ্যালয়ে কারিগরি প্রশিক্ষণের জন্য জায়গা ও সুবিধাদি রাখার জন্য ডিএমসিকে নির্দেশ দেন।